বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা

**Better me- better BKB**

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

নং-প্রকা/শানিব্যউবি-১(০৪)/২০১৬-২০১৭/৩১৫(১২৫০) তারিখঃ ২১-০৯-২০১৬

১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক
২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
৩। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
৪। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
৫। সকল শাখা ব্যবস্থাপক( মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ- চলতি ২০১৬-২০১৭ অর্থবছরে কৃষি ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনের লক্ষ্যে বছরের শুরুতেই কর্ম পরিকল্পনা প্রণয়ন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, কৃষি ঋণ বিভাগের ০৭-০৯-২০১৬ তারিখের সূত্র নং-এসিডি(এমডি) /৩৬(৩) /২০১৬-৪৩১০ মূলে ২০১৬-২০১৭ অর্থবছরের কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচীর সফল বাস্তবায়নকল্পে নিম্নলিখিত নির্দেশনাসমূহ পরিপালনের জন্য পরামর্শ প্রদান করা হয়েছেঃ

- ২০১৬-২০১৭ অর্থবছরে কৃষি ও পল্লী ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের লক্ষ্যে কৃষি ঋণ বিতরণের মাসিক কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক তা বাস্তবায়নের জন্য শাখা ব্যবস্থাপকদের পরামর্শ প্রদানের পাশাপাশি মাসিক অগ্রগতি প্রধান কার্যালয় ও আঞ্চলিক কার্যালয় কর্তৃক তদারকীকরণ;
- কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচী অনুযায়ী চলতি ২০১৬-২০১৭ অর্থবছরে মৎস্য ও পশুসম্পদ খাত এবং কৃষি ও সেচযন্ত্রপাতি খাতে ঋণ প্রবাহ বৃদ্ধির কার্যক্রমে কার্যকরী প্রদক্ষেপ গ্রহণ;
- কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচীর শর্ত (মোট লক্ষ্যমাত্রার ৬০%) অনুযায়ী চলতি ২০১৬-২০১৭ অর্থবছরে শস্যখাতে ঋণ প্রবাহ বৃদ্ধির জন্য কার্যকরী পদক্ষেপ গ্রহণ;
- চলতি ২০১৬-২০১৭ অর্থবছরে কৃষি ও পল্লী ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের লক্ষ্যে অর্থবছরের শুরুতেই কার্যকর কৌশল অবলম্বনপূর্বক মেয়াদোত্তীর্ণ ঋণ আদায় করতঃ শ্রেণীকৃত ঋণের হার কমিয়ে আনার জন্য সর্বাত্মক প্রচেষ্টা চালানোর উদ্যোগ গ্রহণ।

০২। প্রসঙ্গত উল্লেখ্য ঋণ বিতরণে লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ/(শানিব্যউবি) পরিপত্র নং০৯/২০১৬ তারিখ ১৯-৬-২০১৬ এর ৩২ ও ৩৩ নং অনুচ্ছেদে প্রয়োজনীয় অনুসরনীয় দিকনির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়াও অত্র বিভাগের ২৪/০৮/২০১৬ তারিখের পত্র নং-প্রকা/শানিব্যউবি-১(১০২)/এমসি-১৬/২০১৬-২০১৭/২২৬(১২৫০) মূলে ঋণ বিতরণ ও আদায়ের ক্ষেত্রে গৃহীতব্য কলাকৌশল সম্পর্কিত কর্মপরিকল্পনা অবহিত করা হয়েছে। উপরন্তু বাংলাদেশ ব্যাংক কর্তৃক ২০১৬-২০১৭ অর্থবছরের জন্য প্রনীত কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচীর নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করার জন্য পরামর্শ প্রদান করা হয়েছে।

চলমান পাতা/০২

০৩। দেশের কৃষি ও পল্লী খাতে উন্নয়নের জন্য কৃষি ও পল্লী ঋণ একটি গুরুত্বপূর্ণ উপকরণ। কৃষি পণ্যের উৎপাদন বৃদ্ধি করে বিশাল জনগোষ্ঠির খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার ক্ষেত্রে কৃষিতে বিনিয়োগ করা কৃষি ব্যাংকের প্রধান লক্ষ্য। টেকসই উন্নয়নের প্রধান লক্ষ্যগুলো হলো দারিদ্র বিমোচন, ক্ষুধা মুক্তি ও সুস্বাস্থ্য অর্জন। উক্ত লক্ষ্যমাত্রাসমূহ অর্জনের ক্ষেত্রে যথানিয়মে কৃষি ঋণ সরবরাহ বৃদ্ধি অত্যন্ত গুরুত্বপূর্ন ভূমিকা রাখবে। উল্লেখ্য কৃষি ও পল্লী ঋণ বিতরণের বাৎসরিক লক্ষ্যমাত্রা অর্জন অত্র ব্যাংকের সাফল্য হিসেবে বাংলাদেশ ব্যাংকের নিকট বিবেচিত হবে।

০৪। এমতাবস্থায়, নিয়োজিত জনশক্তিকে যথোপযুক্তভাবে কাজে লাগিয়ে উপরোল্লিখিত নির্দেশনা এবং প্রদত্ত কর্মপরিকল্পনা অনুসরণ করে যথাযথ নিয়মে সময়ের সাথে মিল রেখে কৃষি ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম জোরদার করে প্রতিটি ক্ষেত্রে বার্ষিক লক্ষ্যমাত্রা যেন অর্জিত হয় সে ব্যাপারে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো এবং কৃষি ঋণ বিতরনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের কার্যক্রম সাপ্তাহিক ভিত্তিতে বিভাগীয় ও আঞ্চলিক কার্যালয় কর্তৃক নিবীড় তদারকি করতে হবে। উল্লেখ্য এ বিষয়ে কোন প্রকার শৈথিল্য গ্রহনযোগ্য হবে না।

আপনার বিশ্বস্ত

২১/০৯/১৬

(মোঃ আফজাল করিম)
মহাব্যবস্থাপক
(পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ)
ফোনঃ ৯৫৭৪৭৩৭
তারিখঃ ২১-০৯-২০১৬

নং-প্রকা/শানিব্যউবি-১(০৪)/২০১৬-২০১৭/৩১৫(১২৫০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। স্টাফ অফিসার, সকল উপ ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গনের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। মহাব্যবস্থাপক ও অধ্যক্ষ, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৬। সচিব/সকল উপ-মহাব্যবস্থাপক বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে অনুরোধ করা হলো।
৭। সকল প্রমোটার,বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৯। নথি/মহানথি।

২১/৯/১৬

(এ,আর,মামুন)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৭৪০২৫